

## 32629 - যে ব্যক্তি হজ্জ করা ও ব্যবসা করার জন্য সফর করেছেন

---

### প্রশ্ন

আমার জন্য কি এটি জায়েয হবে যে, আমি হজ্জ করার জন্য সফর করব এবং মক্কা থেকে কিছু পণ্য সামগ্রী ক্রয় করে এনে সেগুলো আমার দেশে বিক্রি করব; যাতে করে আমি কিছু লাভ পাই।

### প্রিয় উত্তর

হজ্জের মৌসুমে ব্যবসা করা জায়েয। ইমাম তাবারী তাঁর তাফসির গ্রন্থে সনদসহ ইবনে আব্বাস (রাঃ) থেকে আল্লাহর বাণী: “তোমরা তোমাদের প্রভুর অনুগ্রহ তালাশ করতে কোন আপত্তি নেই।” [সূরা বাক্বারা, আয়াত: ১৯৮] এর ব্যাখ্যায় সংকলন করেছেন যে, তিনি বলেন: ইহরাম করার পূর্বে কিংবা ইহরাম করার পরে ক্রয়বিক্রয় করতে কোন আপত্তি নেই।

আল্লাহ্ই তাওফিকের মালিক।